



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৭ জানুয়ারি, ২০২০

প্রেসবিজ্ঞপ্তি

আজ ২৭ জানুয়ারি, ২০২০ তারিখ সকাল ১১টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুউরেন্স সেল(আইকিউএসি)-এর আয়োজনে Certificate Distribution Ceremony of Training on Teaching Learning and Assessment for Quality Education শীর্ষক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বাংলাদেশে অন্যতম সেরা অবস্থানে রয়েছে। শিক্ষা ও গবেষণায় এই অবস্থান ধরে রাখতে শিক্ষকদের প্রশিক্ষণের বিকল্প নেই। আমরা ইতোমধ্যে গবেষণায় সঠিক মান ধরে রাখতে টার্নেটইন চালু করার উদ্যোগ গ্রহণ করেছি। ইনশাল্লাহ সকলের সম্মিলিত প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রা অব্যাহত থাকবে।

প্রফেসর ড.মো. আশরাফুল আলমের সভাপতিত্ব ও সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো আনোয়ারুল ইসলাম, আইকিউএসির সাবেক পরিচালক প্রফেসর ড. মো আবদুল আউয়াল বিশ্বাস।

উল্লেখ্য অনুষ্ঠানের এক পর্যায়ে আইকিউএসির ওয়েবসাইট www.iqacsust.org উদ্বোধন করা হয় এবং আইকিউএসির সাবেক পরিচালক প্রফেসর ড. মো আবদুল আউয়াল বিশ্বাসকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়।

রেজিস্ট্রার